

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০২১-২৬

আশ্বিন ০৬, ১৪২৮  
তারিখ : -----  
সেপ্টেম্বর ২১, ২০২১

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

অন্যান্য প্রযোজ্য খাতসহ রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে গুন্স বন্ড ও ডিউটি ড্র-ব্যাংক-এর  
পরিবর্তে বিকল্প নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকি প্রদানের ক্ষেত্রে অডিট ফার্ম নিয়োগ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত সার্কুলার পত্র নং এফইপিডি(কম)২৯১/২০০২-১৩৬৭, তারিখ জুন ০২,  
২০০২; সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০১৪-১৩, তারিখ জুন ২৯, ২০১৪; এফই সার্কুলার পত্র নং ২১,  
তারিখ জুন ০২, ২০২০ ও এফই সার্কুলার পত্র নং ২৯, তারিখ আগস্ট ১২, ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা  
যাচ্ছে।

২। পূর্ববর্তী বছরগুলোর ন্যায় চলতি ২০২১-২০২২ অর্থবছরেও নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির আবেদনপত্র  
বাংলাদেশ ব্যাংক অনুমোদিত এবং সংশ্লিষ্ট ব্যাংকের নিয়োজিত অডিট ফার্ম দ্বারা নিরীক্ষা করানো যাবে। তবে নিরীক্ষা কার্য  
দ্রুত সম্পাদনের লক্ষ্যে অতিরিক্ত ফার্ম নিয়োগের প্রয়োজন হলে সে বিষয়ে যৌক্তিকতা ও প্রয়োজনীয় তথ্যসহ অডিট  
ফার্মের সংখ্যা উল্লেখপূর্বক বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,



(কাজী রফিকুল হাসান)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩